# আপনার মেরুদণ্ডের অ্যানেস্থেটিক

আপনার মেরুদণ্ডে স্পাইনাল অ্যানেস্থেটিক দিয়ে অপারেশন করলে আপনি কী প্রত্যাশা করতে পারেন, এই লিফলেটে তা ব্যাখ্যা করা হয়েছে।
এটি অ্যানেস্থেটিস্ট, রোগী এবং তাদের প্রতিনিধিরা মিলিতভাবে রচনা করেছেন।

## বিষয়বস্তু

এই লিফলেটে যা ব্যাখ্যা করা হয়েছে :

- স্পাইনাল অ্যানেস্থেটিক কী
- এটি কখন ব্যবহার করা হয়
- আপনার কোনও অপারেশনের সময় এটি ব্যবহার করে আপনি কেন উপকৃত হতে পারেন
- এটি কীভাবে কাজ করে এবং আপনি কী আশা করতে পারেন
- ঝুঁকি ও সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ।

## 'স্পাইনাল' কী?

অনেক অপারেশনেই রোগীদেরকে সাধারণত জেনারেল অ্যানেস্থেটিক দেওয়া হয়। তবে, কোমরের নিচে অপারেশনের জন্য আপনাকে স্পাইনাল অ্যানেস্থেটিক দেওয়া হতে পারে। এ ক্ষেত্রে আপনার পিঠের নিচের অংশে (আপনার মেরুদণ্ডের হাড়ের মাঝে) লোকাল অ্যানেস্থেটিক প্রয়োগ করা হয়। কোমরের নিচে অ্যানেস্থেসিয়া প্রদানের জন্য এটি করা হয়, এর ফলে অপারেশনের সময় আপনার কোনও ধরনের অস্বস্তি বোধ হবে না। স্পাইনাল অ্যানেস্থেটিক দেওয়া হলে আপনি অপারেশনের সময় সজাগ থাকতে পারবেন।

স্পাইনাল অ্যানেস্থেটিকের প্রভাব সাধারণত কয়েক ঘন্টা পর্যন্ত থাকে। অ্যানেস্থেটিকের প্রভাব কেটে যাওয়ার পর বেশ কয়েক ঘন্টা পর্যন্ত একই সাথে অন্যান্য ওষুধ প্রয়োগ করা হতে পারে যাতে ব্যথা না হয়।

স্পাইনাল অ্যানেস্থেটিকের কার্যকর থাকাকালীন আপনি হয়তো :

- সম্পূর্ণ সজাগ থাকতে পারেন
- আপনাকে দেওয়া ওষুধের কারণে আপনি পুরোপুরি ঘুমিয়ে না থাকলেও তন্দ্রাচ্ছন্ন বা হালকা অনুভব করবেন এবং সম্ভবত আপনার চারপাশ সম্পর্কে অবগত থাকবেন।

অপারেশনের পর বাড়তি ব্যথানাশক ওষুধ দেওয়ার জন্য কিছু অপারেশনের ক্ষেত্রে জেনারেল অ্যানেস্থেটিকের পূর্বে স্পাইনাল অ্যানেস্থেটিক দেওয়া হয়।

শরীরের নিচের অংশের অনেক অপারেশনের জন্য স্পাইনাল অ্যানেস্থেটিক উপযুক্ত, বিশেষ করা কী-হোল সার্জারির (ল্যাপারস্কপি) ক্ষেত্রে।

যে সকল ক্ষেত্রে সচরাচর জেনারেল অ্যানেস্থেটিকের সাথে বা এটি ছাড়াই স্পাইনাল অ্যানেস্থেটিক ব্যবহার করা যায় সেগুলো হলো :

- সাধারণ সার্জারি যেমন হার্নিয়া, হেমরয়েড সার্জারি (অর্শ বা পাইলস) এবং অন্ত্রের অপারেশন
- জয়েন্টে অর্থোপেডিক সার্জারি যেমন নিতম্ব এবং হাঁটু প্রতিস্থাপন অথবা পায়ের হাড় প্রতিস্থাপনের অপারেশন
- ভাস্কুলার সার্জারি : পায়ের ধমনীর অপারেশন
- স্ত্রীরোগ : প্রোল্যাপ্স রিপেয়ার, হিস্টেরোস্কোপি এবং কয়েক ধরনের হিস্টেরেক্টমি
- ইউরোলজি : প্রোস্টেট সার্জারি, মূত্রথলির অপারেশন, যৌনাঙ্গের অপারেশন
- পেটে ক্যান্সারের সার্জারি

## স্পাইনাল কেন নেবেন?


আপনার স্বাস্থ্যের অবস্থা বিবেচনায় নিয়ে স্পাইনাল অ্যানেস্থেটিক ব্যবহার করলে আপনি কিছু উপকার পেতে পারেন। এটি নিয়ে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন এবং কোনটি আপনার জন্য সবচেয়ে ভালো হবে, সে ব্যাপারে সিদ্ধান্ত নিতে সাহায্য করবেন।

জেনারেল অ্যানেস্থেটিকের তুলনায় স্পাইনাল অ্যানেস্থেটিক নেওয়ার সুবিধাগুলো হলো :

- অপারেশনের পর বুকে সংক্রমণের ঝুঁকি কম থাকে
- পায়ে রক্ত জমাট বাঁধার ঝুঁকি কমে যায়
- ফুসফুস ও শ্বাসপ্রশ্বাসের ওপর নেতিবাচক প্রভাব কমে যায়

- সার্জারির পর পরই ব্যথা কমে যায়
- পার্শ্বপ্রতিক্রিয়া আছে এমন শক্তিশালী ব্যথানাশক ওষুধের প্রয়োজন কমে যায়
- বমি ভাব এবং বমি কম হয়
- সার্জারির পর তুলনামূলকভাবে দ্রুত খাবার ও পানি খাওয়া শুরু করা যায়।

## কীভাবে স্পাইনাল দেওয়া হয়?



- অ্যানেস্থেটিক রুমে অথবা অপারেশন থিয়েটারে আপনাকে স্পাইনাল দেওয়া হতে পারে। সেখানে অ্যানেস্থেটিক অ্যাসিস্ট্যান্টের সাথে আপনার দেখা হবে, তিনি আপনার পরিচর্যাকারী দলের একজন সদস্য।
- অ্যানেস্থেটিস্ট বা অ্যাসিস্ট্যান্ট আপনার হার্ট রেট, রক্তচাপ এবং অক্সিজেনের মাত্রা পরিমাপ করার জন্য মনিটর ও অন্যান্য দরকারি যন্ত্রপাতি সংযুক্ত করবেন।
- আপনার অ্যানেস্থেটিস্ট প্রথমে একটি সুঁই দিয়ে আপনার হাত বা বাহুর শিরায় একটি পাতলা প্লাস্টিকের টিউব (ক্যানুলা) প্রবেশ করাবেন। এটির মধ্য দিয়ে আপনার অ্যানেস্থেটিস্ট আপনাকে তরল ও প্রয়োজনীয় যে-কোনো ওষুধ দিতে পারবেন।
- স্পাইনাল অ্যানেস্থেটিক দেওয়ার জন্য আপনাকে সঠিক ভঙ্গিতে থাকতে সাহায্য করা হবে।
- আপনি নিচু একটি টুলে পা রেখে বিছানার প্রান্তে বসবেন, অথবা একপাশে কাত হয়ে বুকের সাথে হাঁটু ভাঁজ করে শোবেন।
- কী করা হচ্ছে তা অ্যানেস্থেটিক টিম আপনাকে সময়ে সময়ে জানাবে।
- ত্বক অসাড় করার জন্য এবং স্পাইনাল ইনজেকশন আরও আরামদায়ক করার জন্য প্রথমে একটি লোকাল অ্যানেস্থেটিক প্রয়োগ করা হবে। এরপর অ্যানেস্থেটিস্ট আপনার মেরুদণ্ডে ইনজেকশন দেবেন, এবং এটা করার সময় আপনাকে একেবারে স্থির থাকতে হবে। ইনজেকশন দেওয়ার সময় সাধারণত একজন নার্স বা চিকিৎসা কর্মী আপনাকে ধরে রাখবেন এবং আশ্বস্ত করবেন।
- অনেক সময় ইউরিনারি ক্যাথেটার (আপনার মূত্রথলি থেকে প্রস্রাব বের করার জন্য একটি নমনীয় টিউব) দরকার হতে পারে। এটির প্রয়োজন হলে স্পাইনাল অ্যানেস্থেটিক কাজ শুরু করার পর এটি প্রবেশ করানো হবে।

## আমি কী অনুভব করব?

স্পাইনাল ইনজেকশনে সাধারণত রক্ত পরীক্ষার জন্য সুঁই ফোটানো বা শরীরে ক্যানুলা প্রবেশ করানোর মতোই ব্যথা হয়। এটি দিতে কয়েক মিনিট সময় লাগতে পারে, কিন্তু আপনার পিঠে সমস্যা থাকলে বা স্থূলতা থাকলে আরও বেশি সময় লাগতে পারে। কিছু ক্ষেত্রে কয়েকবার চেষ্টা করা লাগতে পারে।

- ইনজেকশন দেয়ার সময় আপনার এক পায়ে সুঁই ফোটানোর মতো বা অস্বাভাবিক অনুভূতি হতে পারে — এরকম হলে স্থির থাকার চেষ্টা করুন এবং আপনার অ্যানেস্থেটিস্টকে জানান।
- ইনজেকশন দেওয়া হয়ে গেলে আপনি বসে থাকলে আপনাকে সাধারণত চিৎ হয়ে শুতে বলা হবে। কয়েক মিনিটের মধ্যে মেরুদণ্ডের অ্যানেস্থেটিক কাজ করা শুরু করবে।
- শুরুতে আপনার পা ও পেটে উষ্ণ অনুভূতি হবে, এরপর আপনি আর স্পর্শ টের পাবেন না। ধীরে ধীরে আপনার পা ভারী হয়ে আসবে এবং পা নাড়ানো অনেক কঠিন বলে মনে হবে। এটি একেবারেই স্বাভাবিক। এর অর্থ হলো অ্যানেস্থেটিক কাজ করছে।
- অ্যানেস্থেটিক পুরোপুরি কাজ শুরু করলে আপনি আপনার পা ওপরে তুলতে পারবেন না এবং শরীরের নীচের অংশে কোনও ব্যথা অনুভব করবেন না।

## স্পাইনাল অ্যানেস্থেটিক কাজ করছে কি না পরীক্ষা করা

অ্যানেস্থেটিক ঠিকভাবে কাজ করছে কি না বোঝার জন্য আপনার অ্যানেস্থেটিস্ট কয়েকটি সহজ পরীক্ষা করবেন, যেমন :

- ঠান্ডা তরল স্প্রে করে আপনার পা ও পেটে ঠান্ডা কোনও অনুভূতি হচ্ছে কি না জানতে চাইবেন
- ভোঁতা কোনও সরঞ্জাম দিয়ে আপনার পা ও পেটে আলতো করে স্পর্শ করবেন
- আপনাকে পা তুলতে বলবেন।

পরীক্ষাগুলো করার সময় মনোযোগ দেওয়া জরুরি, এতে করে অ্যানেস্থেটিকের কার্যকারিতা নিয়ে আপনি ও আপনার অ্যানেস্থেটিস্ট আশ্বস্ত হতে পারবেন। অ্যানেস্থেটিক ঠিকভাবে কাজ করছে — এটি পুরোপুরি নিশ্চিত হলে তবেই অ্যানেস্থেটিস্ট অপারেশন শুরু করার অনুমতি দেবেন।

## অপারেশন চলাকালীন (শুধুমাত্র স্পাইনাল অ্যানেস্থেটিকের জন্য)

- অপারেশন থিয়েটারে স্বাস্থ্যকর্মীদের পুরো একটা দল আপনার দেখাশোনা করবেন। আপনি জেগে থাকলে তারা নিজেদের পরিচয় দেবেন এবং আপনাকে আরামে রাখার চেষ্টা করবেন।
- অ্যানেস্থেটিক ও অ্যানেস্থেটিক অ্যাসিস্ট্যান্ট অপারেশনের পুরো সময়জুড়ে আপনার নিরাপত্তা ও সুস্থতার দায়িত্বে থাকবেন।
- অপারেশনের জন্য আপনাকে সঠিক ভঙ্গিতে শোয়ানো হবে। আরাম পাওয়ার জন্য কিছু প্রয়োজন হলে আপনার অ্যানেস্থেটিস্টকে জানান, যেমন বালিশ বা হাত রাখার জন্য কোনও বস্তু (আর্মরেস্ট)।

- আপনার রক্তের অক্সিজেনের মাত্রা বাড়াতে আপনাকে একটি হালকা, স্বচ্ছ প্লাস্টিকের মাস্ক পরিয়ে এর মাধ্যমে শ্বাস-প্রশ্বাসের সাথে অক্সিজেন দেওয়া হতে পারে।
- অপারেশন থিয়েটারের কর্মব্যস্ততা আপনি বুঝতে পারবেন, তবে আপনি আরামে থাকবেন এবং আপনার অ্যানেস্থেটিস্ট আপনাকে শান্ত ও নিরুদ্বেগ থাকতে সহায়তা করবেন।
- অপারেশন চলাকালীন সময়ে আপনি গান শোনার অনুমতি পেতে পারেন। অনুমতি দেওয়া হলে নিজের হেডফোন ও পছন্দের গান নিয়ে আসবেন। কিছু ইউনিট হেডফোন সরবরাহ করে বা অপারেশন থিয়েটারে গান বাজায়।
- অপারেশন চলাকালীন আপনি অ্যানেস্থেটিস্ট ও অ্যানেস্থেটিক অ্যাসিস্ট্যান্টের সাথে কথা বলতে পারবেন। আপনাকে ঘুমের ওষুধ দেওয়া হয়েছে কি না, তার ওপর এটি নির্ভর করবে।
- অপারেশন চলাকালীন আপনাকে সিডেশন দেওয়া হলে আপনি হালকা বোধ করবেন এবং আপনার ঘুম আসতে পারে। অপারেশনের সময় আপনি ঘুমিয়ে পড়তে পারেন অথবা অল্প কিছু সময় বা পুরোটা সময়ই সজাগ থাকতে পারেন। অপারেশন থিয়েটারের স্মৃতি আপনার আংশিক বা পুরোটাই মনে থাকতে পারে, আবার কোনও কিছুই মনে না থাকতে পারে।

সিডেশন সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে **সিডেশন-এর ব্যাখ্যা** লিফলেটটি দেখুন : www.rcoa.ac.uk/patients/patient-information-resources/translations#languages

এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে আপনার সার্জারির জন্য স্পাইনাল অ্যানেস্থেটিকের পরিকল্পনা করা হলেও আপনাকে জেনারেল অ্যানেস্থেটিক দেওয়া লাগতে পারে। এরকম হতে পারে যদি :

- আপনার অ্যানেস্থেটিস্ট স্পাইনাল অ্যানেস্থেটিক দিতে না পারেন
- শরীরের যে স্থানে সার্জারি করা হবে সে স্থানের আশেপাশে স্পাইনাল অ্যানেস্থেটিক ভালোভাবে কাজ না করে
- সার্জারি জটিলতর হলে বা প্রত্যাশিত সময়ের চেয়ে বেশি সময় লাগলে।

## অপারেশনের পর

- অনুভূতি পুরোপুরি ফিরে আসতে চার ঘন্টা পর্যন্ত সময় লাগে। আপনার কোনও উদ্বেগ বা দুঃশ্চিন্তা থাকলে তা ওয়ার্ডের কর্মীদের অবশ্যই জানাবেন।
- অনুভূতি ফিরে আসার সময় কিছুটা শিরশির অনুভূতি হবে। এছাড়া, অপারেশনের জায়গায় কিছুটা অস্বস্তিবোধ হতে পারে। এরকম হলে আপনি ব্যথানাশক ওষুধের জন্য অনুরোধ করতে পারেন।
- স্পাইনাল অ্যানেস্থেটিকের প্রভাব কেটে গেলে প্রথম দিকে দাঁড়াতে বা হাঁটতে গেলে পা টলমল করতে পারে এবং আপনার রক্তচাপ কম থাকলে মাথা ঘুরতে পারে। প্রথমবার বিছানা থেকে নামার সময় অনুগ্রহ করে আপনার পরিচর্যাকারী কর্মীদের সাহায্য নেবেন।

- সাধারণত জেনারেল অ্যানেস্থেটিকের তুলনায় স্পাইনাল অ্যানেস্থেটিকের ক্ষেত্রে আরও তাড়াতাড়ি খাবার ও পানি খাওয়া শুরু করা যায়।

## প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিক (অপারেশনপূর্ব মূল্যায়ন)

পূর্বপরিকল্পিত অপারেশনের ক্ষেত্রে আপনাকে সার্জারির কয়েক সপ্তাহ বা কিছু দিন আগে প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিকে ডাকা হতে পারে। ছোট সার্জারির ক্ষেত্রে অনেক সময় একজন নার্স টেলিফোনে আপনাকে কিছু প্রশ্ন করতে পারেন।

অনুগ্রহ করে এই জিনিসগুলো সাথে নিয়ে আসবেন :

- আপনার বর্তমান ওষুধের তালিকা অথবা মূল প্যাকেটসহ সকল ওষুধ
- অন্য হাসপাতালে করানো সকল পরীক্ষা ও চিকিৎসাসংক্রান্ত তথ্য
- অ্যানেস্থেটিক ব্যবহারের কারণে আপনি বা আপনার পরিবারের কারও কোনও সমস্যা হয়ে থাকলে সে বিষয়ে তথ্য
- সাম্প্রতিক রক্তচাপ পরিমাপের ফলাফল।

আপনি রক্ত পাতলা করার কোনও ওষুধ নিয়ে থাকলে অবশ্যই প্রি-অ্যাসেসমেন্ট টিমকে জানাবেন এবং সার্জারির পূর্বে এগুলো নেওয়া বন্ধ করা উচিত কি না সেটি নিয়ে তাদের সাথে আলোচনা করবেন। ক্লিনিকে একজন অ্যানেস্থেটিস্টের সাথে আপনার সাক্ষাৎ হতে পারে। অথবা, সার্জারির দিন হাসপাতালে আপনার সাথে অ্যানেস্থেটিস্টের সাক্ষাৎ হবে।

## অ্যানেস্থেসিয়া বিষয়ক ঝুঁকিসমূহ

আধুনিক অ্যানেস্থেটিকগুলো অত্যন্ত নিরাপদ। অ্যানেস্থেটিক ওষুধ ও সরঞ্জাম ব্যবহারের কিছু সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া রয়েছে, তবে এগুলো সাধারণত গুরুতর বা দীর্ঘস্থায়ী হয় না। বিভিন্ন ব্যক্তিদের ক্ষেত্রে ঝুঁকি ভিন্ন ভিন্ন হয়, যা অপারেশনের ধরন এবং অ্যানেস্থেসিয়ার জন্য ব্যবহৃত কৌশলের ওপর নির্ভর করে।

আপনার ক্ষেত্রে কোনও ঝুঁকির পরিমাণ বেশি বলে মনে করলে তা নিয়ে আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে আলোচনা করবেন। আপনার ক্ষেত্রে প্রাসঙ্গিক হলেই শুধুমাত্র তারা স্বল্প মাত্রার সাধারণ ঝুঁকিগুলো নিয়ে আলোচনা করবেন।

স্পাইনাল অ্যানেস্থেটিকের সাথে সম্পর্কিত কিছু সুনির্দিষ্ট ঝুঁকি আছে, যেমন, তীব্র মাথা ব্যথা এবং স্নায়ুর ক্ষতি। ঝুঁকিগুলো নিয়ে আরও বিস্তারিত পড়তে চাইলে অনুগ্রহ করে ভিজিট করুন : www.rcoa.ac.uk/patients/patient-information-resources/translations#languages

## সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করে যে রোগীরা তাদের জন্য সঠিক সিদ্ধান্ত নিতে সমর্থন পাচ্ছেন। এটি একটি সহযোগিতামূলক প্রক্রিয়া যার মাধ্যমে একজন চিকিৎসক রোগীকে নিজের চিকিৎসার বিষয়ে সিদ্ধান্তে নিতে সহায়তা করেন।

এই কথোপকথনের মধ্যে থাকে :

- চিকিৎসকের দক্ষতা যেমন বিকল্প চিকিৎসা, প্রমাণ, ঝুঁকি এবং সুবিধা
- রোগী যা ভালো জানেন : তাঁর নিজের পছন্দ, ব্যক্তিগত পরিস্থিতি, লক্ষ্য, মূল্যবোধ এবং বিশ্বাস।

আরও জানতে ভিজিট করুন :
www.england.nhs.uk/personalisedcare/shared-decision-making

কিছু সংস্থান ব্যবহার করে আপনি আপনার অ্যানেস্থেটিস্ট বা প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট কর্মীর সাথে আলোচনার সময়টুকুর সর্বোত্তম ব্যবহার করতে পারেন।

### চুজিং ওয়াইজলি বিআরএএন ফেমওয়ার্ক

চিকিৎসা সম্পর্কিত কী কী প্রশ্ন জিজ্ঞাসা করবেন মনে রাখতে এটি ব্যবহার করুন।
https://bit.ly/CWUK_leaflet

### এনএইচএস আস্ক থ্রি কোয়েশ্চেন্স

আপনার চিকিৎসার ব্যাপারে বিভিন্ন সিদ্ধান্ত নিতে হতে পারে।
https://bit.ly/NHS_A3Qs

### দি সেন্টার ফর পেরিঅপারেটিভ কেয়ার (সিপিওসি)

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ ব্যাখ্যা করার জন্য সিপিওসি একটি অ্যানিমেশন তৈরি করেছে।
www.cpoc.org.uk/shared-decision-making

# আপনি যেসব প্রশ্ন করতে চাইতে পারেন

অ্যানেস্থেটিক নিয়ে আপনার কোনও প্রশ্ন থাকলে সেগুলো লিখে রাখুন (আপনি নিচের উদাহরণ ব্যবহার করতে পারেন ও কোনও প্রশ্ন থাকলে যোগ করতে পারেন)। আপনি অপারেশনের আগের দিন অ্যানেস্থেটিস্টের সাথে কথা বলতে চাইলে প্রি-অপারেটিভ অ্যাসেসমেন্ট টিমের সাথে যোগাযোগ করুন, তারা ফোনে অ্যানেস্থেটিস্টের সাথে আপনাকে কথা বলিয়ে দেওয়ার বা ক্লিনিকে দেখা করানোর ব্যবস্থা করতে পারেন।

1. **আমার জন্য স্পাইনাল অ্যানেস্থেটিকের সুবিধা ও অসুবিধাগুলো কী?**
2. **স্পাইনাল অ্যানেস্থেটিকের কোনও বিকল্প আছে কি?**

## দায় বর্জন বিবৃতি

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন :

patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**

Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG

020 7092 1500

## www.rcoa.ac.uk

## ষষ্ঠ সংস্করণ, এপ্রিল ২০২৩

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

**© 2023 Royal College of Anaesthetists**
রোগীদের জন্য তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যেতে পারে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনও প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।